

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২

কৈলাসহর, ৩ এপ্রিল, ২০২৪

উনকোটিতে ১৫-১৬ এপ্রিল অশোকাষ্টমী মেলা

শৈবতীর্থ উনকোটিতে আগামী ১৫ ও ১৬ এপ্রিল অশোকাষ্টমী মেলা উদযাপন করা হবে। এই অনুষ্ঠানকে সফল করে তোলার জন্য আজ কৈলাসহর মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার। সভায় উপস্থিত ছিলেন কৈলাসহর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক নব কুমার জমাতিয়া, চন্ডীপুর ব্লকের বিডিও প্রসেনজিৎ মালাকার সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় এই অনুষ্ঠানকে সার্বিকভাবে সফল করে তোলার জন্য বিস্তারিত আলোচনা হয়।
